

# বাগধারা



## বিসিএস বাংলা ভাষা

ক্রমিক নং	টপিকের নাম	৪৩তম BCS	৪১তম BCS	৪০তম BCS	৩৮তম BCS	৩৭তম BCS	৩৬তম BCS	৩৫তম BCS
০১	প্রয়োগ-অপ্রয়োগ				১	১	-	-
০২	বানান ও বাক্য শুদ্ধি	১	২	১	২	৩	-	৩
০৩	পরিভাষা	১		১	১	২	১	১
০৪	সমার্থক শব্দ			২	১	১	১	২
০৫	বিপরীতার্থক শব্দ			১	১	-	১	১
০৬	ধ্বনি	৩	২		১	২	২	২
০৭	বর্ণ		১		১	-	২	-
০৮	শব্দ	১	১	২	২	২	১	১
০৯	পদ				-	-	২	১
১০	বাক্য	২	৩		১	-	১	১
১১	প্রত্যয়	১	১	২	২	-	১	১
১২	সন্ধি				১	-	১	১
১৩	সমাস	১	১		১	২	১	১
টপিকের বাইরে থেকে আসা প্রশ্ন								
*	গল্প-স্বল্প বিধান						১	
*	উপসর্গ-অনুসর্গ		১			১		
*	কারক-বিভক্তি	১	১		২			
*	এক কথায় প্রকাশ	১	১	১	৩			
*	বাগধারা	২	২		২			
*	বাচ্য			১				
*	দ্বিরুক্তি শব্দ	১	১					
*	অন্যান্য	২	২					
সর্বমোট প্রশ্ন:		১৭	১৪	১৬	১৫	১৫	১৪	১৫

# বাগধারা

যে শব্দ বা শব্দগুচ্ছ দিয়ে বিশেষ অর্থ

প্রকাশ পায় তাকে বাগধারা বলে। যেমন:

‘গোবরগণেশ, বিড়ালতপস্বী, গোবরে

পদ্মফুল, ঘোড়ার ডিম।

দাঁড়  
দাঁড়

# বিভিন্ন বিসিএস এর প্রশ্ন

- কোনটি বাগধারা বোঝায়? চৈত্র সংক্রান্তি, পৌষ সংক্রান্তি, শিবে সংক্রান্তি, শিব সংক্রান্তি? -৩৭ বিসিএস
- শরতের শিশির বাগধারাটির অর্থ কী? -৪০ বিসিএস
- শিবরাত্রির সলতে শব্দের অর্থ? -৪০ বিসিএস
- গড্ডলিকা প্রবাহ বাগধারায় গড্ডল শব্দের অর্থ কী? -  
৪৩ বিসিএস



# দুর্লভ বস্তু

আকাশের চাঁদ  
অমাবস্যার চাঁদ  
বাঘের দুধ  
বাঘের চোখ  
আলোয়ার আলো

আলোয়া এক ধরনের বায়ুমণ্ডলীয় ভৌতিক আলো যা রাতের অন্ধকারে জলাভূমিতে বা খোলা প্রান্তরে দেখা যায়। মাটি থেকে একটু উঁচুতে আগুনের শিখা জ্বলতে থাকে। ইংরেজি এবং মার্কিন লোককাহিনীতে একে **will-o'-the-wisp** বলে।  
আলোয়া সৃষ্টি নিয়ে নানা মত রয়েছে। লোককথায় একে ভৌতিক আখ্যা দেওয়া হলেও বিজ্ঞানীরা মনে করেন গাছপালা পচনের ফলে যে মার্শ গ্যাসের সৃষ্টি হয় তা থেকে আলোয়ার উৎপত্তি।



# উভয় সংকট

শাঁখের করাত

করাতের দাঁত

জলে কুমির ডাঙায় বাঘ

শ্যাম রাখি না কুল রাখি

সাপের ছুঁচো গেলা

দুই নৌকায় পা





# সুসময়ের বন্ধু

দুধের মাছি

বসন্তের কোকিল

সুখের পায়রা

লক্ষ্মীর বরযাত্রী





## অসম্ভব বস্তু

কাঁঠালের আমসত্ত্ব

আকাশ কুসুম

ব্যাঙের সর্দি

ঘোড়ার ডিম

কুমিরের সন্নিপাত

সোনার পাথরবাটি

পশ্চিম দিকে সূর্য ওঠা





## অপদার্থ

অকালকুস্মাণ্ড, বুদ্ধির টেকি, আমড়া  
কাঠের টেকি, গোবর গণেশ, কচুবনের  
কালাচাঁদ, ঠুটো জগন্নাথ, ঘটিরাম,  
ষাঁড়ের গোবর, টেকির কুমির, টেকি  
অবতার, কুমড়ো কাঁটা





# ভীষণ শত্রুতা



আদায় কাঁচকলায়

অহি নকুল

সাপে নেউলে

দা-কুমড়া





# সুন্দর মিলন

মণিকাঞ্চন যোগ

সোনায় সোহাগা

আম দুধে মেশা



কাল্পনিক বস্তু

দিবা স্বপ্ন

আকাশ কুসুম



# হতভাগ্য/মন্দভাগ্য

---

ইঁদুর কপালে, আট কপালে,  
কপাল পোড়া, অষ্টকপাল,  
হাড় হাভাতে।





## অত্যন্ত অলস

গোঁফ খেজুরে, পিপুফিশু, গদাই  
লশকরির চাল, অজগর বৃত্তি,  
কুম্ভকর্ণের নিদ্রা, আঠারো মাসে বছর,  
চিনির পুতুল, ননীর পুতুল, কুঁড়ের  
বাদশা।






P2A

# তোষামুদে

খয়ের খাঁ, ধামাধরা, ঢাকের  
কাঁঠি, আমড়া গাছি করা,  
তেল মাখা, টুপি পরানো,  
জল উঁচু জল নিচু





# বিশৃঙ্খলা

- হ-য-ব-র-ল,
- জগা খিচুড়ি
- লক্ষা কাণ্ড,
- নয়- ছয়, তুর্কি নাচন, আধা খেচঁড়া।








# ক্ষণস্থায়ী

- তাসের ঘর, বালির বাঁধ, পদ্ম পাতার জল,  
ভালুক জ্বর, শরতের শিশির, জলের দাগ,  
জলের আলপনা







# মারা যাওয়া

---

অগস্ত যাত্রা, পটোল তোলা, পঞ্চত্ব  
প্রাপ্তি, অক্লা পাওয়া, অনন্তশয্যা ।



# সৌভাগ্য

- একাদশে বৃহস্পতি,
- কপাল ফেরা, চাঁদ কপাল,
- কড়ি কপালে,
- জোরকপাল, লগন কপাল।



বিসিএস ক্যাডার

# অপব্যয়

---

- ভস্মে ঘি ঢালা, ভূতের বাপের শ্রাদ্ধ, হরিলুট, অন্ন ধ্বংস করা, নয়-ছয়, উড়ন পোকা, দুধে-ঘিয়ের শ্রাদ্ধ করা।



# ভগু সাধু

---

- বক ধার্মিক, বিড়াল  
তপস্বী, তুলসী বনের  
বাঘ, ভেজা বিড়াল,  
বর্ণচোরা।

ভন্ড বাবা  
কবি- মোবারক হোসাইন





# নির্লজ্জ বা বেহায়া

---

কানকাটা, দুকানকাটা,  
লেজকাটা, চশমখোর,  
বিড়ালের আড়াই পা।



# নির্বোধ বা বোকা

---

গোবর গণেশ, নিরেট মূর্খ,  
অঘাচণ্ডী, অঘারাম, গোমূর্খ,  
হস্তীমূর্খ।



অকটবিকট করা, খাবি  
খাওয়া, আকুপাকু করা।

ছটফট করা



# একমাত্র সম্বল

- অন্ধের যষ্টি, অন্ধের নড়ি





# একমাত্র সন্তান

শিবরাত্রির সন্ধ্যা, সবে  
ধন নীলমণি





# শিবরাত্রির সপ্নতে

---

একমাত্র সন্তান বা বংশধর





# ঢাকের কাঠি


মোসাহেব

চাটুকার

তোষামুদে

গাছপাথর

হিসাব-নিকাশ





নিরানব্বইয়ের ধাক্কা

সংখ্যার প্রবৃতি

৭



# ব্যাঙের সর্দি

অসম্ভব ঘটনা



# ভুগুন্ডি কাক

---

## দীর্ঘজীবী ব্যক্তি





# গোঁফ খেজুরে

অত্যন্ত অলস বা কুঁড়ে





# বিড়াল তপস্বী

## কপট ব্যক্তি



P2A



# অর্ধচন্দ্র

গলাধাক্কা

দেওয়া



# বক ধার্মিক

কপট সাধু বা ভদ্রবেশী-অভদ্র



# ভিজে বিড়াল

দেখতে নিরীহ  
কিন্তু আসলে  
ধড়িবাজ





# অমাবস্যার চাঁদ

দুর্লভ বা  
অদর্শনীয়




# কেউকেটা

তুচ্ছ বা নগণ্য



# গড্ডলিকা প্রবাহ বা ভেড়ার পাল

অপরকে অন্ধ অনুসরণ  
বা গতানুগতিক





# গৌরচন্দ্রিকা

---

ভূমিকা বা ভণিতা





# কালেভদ্রে

কদাচিৎ বা খুব কম সময়ে



# অকালকুস্মাণ্ড

## কাণ্ডজ্ঞানহীন বা বিষয়জ্ঞানশূন্য

পাণ্ডুর পত্নী কুন্তী ও ধর্মের মিলনে যুধিষ্ঠির, বায়ুর সঙ্গে মিলনে ভীম, ইন্দ্রের সঙ্গে মিলনে অর্জুন এবং পাণ্ডুর দ্বিতীয়া স্ত্রী মাদ্রীর গর্ভে নকুল ও সহদেব জন্ম নিলে পাণ্ডুর জ্যেষ্ঠ ভ্রাতা ধৃতরাষ্ট্রের পত্নী গর্ভবতী গান্ধারী প্রচণ্ড ঈর্ষান্বিত হয়ে পড়েন। গর্ভধারণের দুই বছর পার হলেও গান্ধারীর কোনো সন্তান ভূমিষ্ঠ হচ্ছিল না। এ অবস্থায় তিনি রাগে ও ক্ষোভে নিজেই নিজের গর্ভপাত ঘটিয়ে ফেলেন। গর্ভপাতের ফলে কুমড়া বা কুস্মাণ্ড আকৃতির একটি মাংসপিণ্ড অকালে নির্গত হয়। চারদিকে ছড়িয়ে পড়ে, গান্ধারী অকালে একটা কুস্মাণ্ড প্রসব করেছেন। এ অকালকুস্মাণ্ড থেকে কুরুক্ষেত্রের যুদ্ধের জন্য দায়ী দুর্যোধন, দুঃশাসন প্রমুখসহ কুলবিনাশী শতপুত্রের জন্ম হয়। বস্তুত মহাভারতের এই কাহিনির অনুসঙ্গে বাংলা শব্দসম্ভারে অকালকুস্মাণ্ড শব্দের প্রবেশ।



# অকালকুস্মাণ্ড

কাণ্ডজ্ঞানহীন বা  
বিষয়জ্ঞানশূন্য



# অন্ধা পাওয়া

---


## মারা যাওয়া





# আষাড়ে গল্প

আজগুবি গল্প বা  
গাজাখুরি গল্প বা  
উদ্ভট কাহিনি



ধুর! এত পড়বে কে! না পড়েই বিসিএস ক্যাডার হমু।

# উত্তম-মধ্যম

---

প্রহার বা পিটুনি



# অহিনকুল

---

চিরশত্রুতা বা  
চিরস্থায়ী শত্রুতা





# আক্কেল গুডুম

হতবুদ্ধি হওয়া বা  
কিংকর্তব্যবিমূঢ়





আটপ্রহর



সারা দিনরাত




# ইতর বিশেষ

---

পার্থক্য।

পার্থক্য অপশনে না থাকলে

অভদ্র বা অসভ্য বা অশ্লীল



# পঞ্চতত্ত্ব প্রাপ্তি

## মৃত্যু বা মরে যাওয়া





# পটোল তোলা

মরে যাওয়া




- ফলবান পটোল (পটল) গাছের সমগ্র পটোল একসাথে তোলা হলে পটোল গাছটির মৃত্যু হয়; তাই পটোল তোলার মানে মৃত্যু।
- চোখের অপর নাম অক্ষিপটল - মৃত্যু হলে চোখ বা অক্ষিপটল উপরের দিকে উল্টে যায়; তাই পটল তোলা দ্বারা মৃত্যুকে বুঝায়।
- মৃত ব্যক্তির পট বা পরিধেয় বস্ত্র তুলে রাখতে হয়; সেই পট তোলা কালক্রমে পটল তোলা হয়েছে।



# পোয়াবারো

---


সম্পূর্ণ অনুকূল বা  
পরম সৌভাগ্য



রসাতল যাওয়া বা নামা

অধঃপাত বা

ধ্বংস বা বিনাশ







# হাতের পাঁচ

---

শেষ সম্বল



# ভরাডুবি

---

সর্বনাশ বা পতন



# শাঁখের করাত

---

## উভয় সংকট



# গোঁকুলের ষাড

---

## স্বেচ্ছাচারী



# জগদল পাথর

---

গুরুভার বা

অতিশয় ভারি





খয়ের খাঁ

---

চাটুকার





কৈ মাছের প্রাণ

---

যা সহজে

মরে না



# আকাশ ভেঙে পড়া

---

## ভীষণ বিপদ



আমড়া কাঠের  
টেঁকি

---

অপদার্থ



আঠারো মাসে বছর

---

•দীর্ঘসূত্রিতা





অরণ্য রোদন

---

নিষ্ফল আবেদন



# ফপার দালালি

---

•গায়ে পড়ে

মাতব্বরি



আকাশের চাঁদ হাতে

পাওয়া

---

•দুর্লভ বস্তু প্রাপ্তি





# গদাই লশকরি চাল

হুগল

## অতি মস্তুর গতি





# এলাহি কান্ড

## বিরাত ব্যাপার





# শেফাফাদুরস্ত

বাইরের সজ্জায়

আচরণে বা

আদবকায়দায় নিখুঁত

# হটগোল

---

গোলমাল বা হইচই



# হ-য-ব-র-ল

বিশৃঙ্খলা বা  
গোঁজামিল



হযবরল  
HZERLED



# ষোলো কলা

সম্পূর্ণ



শুক্লপক্ষীয় কলা		
কলা সংখ্যা	নাম	দেবতা
প্রথম কলা	পূষা	অগ্নি
দ্বিতীয় কলা	যশা	সূর্য
তৃতীয় কলা	সুমনষা	বিশ্বদেবগণ
চতুর্থী কলা	রতি	বরুণ
পঞ্চমী কলা	প্রাপ্তি	বশটকার
ষষ্ঠী কলা	ধৃতি	চন্দ্র
সপ্তমী কলা	খাদ্বি	স্বর্গীয় ঋষিগণ
অষ্টমী কলা	সৌম্যা	বিষ্ণু



কৃষ্ণপক্ষীয় কলা		
কলা সংখ্যা	নাম	দেবতা
নবমী কলা	মরীচি	যম
দশমী কলা	অংশুমালিনী	বায়ু
একাদশী কলা	অঙ্গিরা	ঊষা
দ্বাদশী কলা	শশিনী	অগ্নিস্বাত্তাদি
ত্রয়োদশী কলা	ছায়া	কুবের
চতুর্দশী কলা	সম্পূর্ণমণ্ডলা	শিব
পঞ্চদশী কলা	তুষ্টি	ব্রহ্মা
ষোড়শী কলা	অমৃত	জল

কলকে পাওয়া

পাতা পাওয়া



# ছকড়া নকড়া

---

অপব্যয় বা অবহেলা





# ঢাক পেটানো

- প্রচার করা বা  
সর্বসাধারণের গোচরে  
আনা







# ভস্মে ঘি ঢালা


---

অসময়ে পৰিশ্ৰম ও  
অৰ্থ ব্যয় কৰা

কড়ায়

গন্ডায়

পুরোপুরি





# ভীমরতি ধরা

---

কাণ্ডজ্ঞানহীনতা



# সস্তার তিন

## অবস্থা

---

ত্রুটিপূর্ণ বা ক্ষণস্থায়ী বা  
অকার্যকর

৩০০ টাকার এনার্জি লাইট  
মাত্র ১০০ টাকা



শুধুমাত্র কোম্পানির প্রচারের জন্য





# ষাঁড়ের গোবর

অকেজো বা অকর্মণ্য  
মানুষ

# ଅଗ୍ନିପରୀକ୍ଷା

କଠିନ ପରୀକ୍ଷା ବା  
ଭୟାବହ ସମସ୍ୟା





# ইলশেগুঁড়ি

---

## গুঁড়িগুঁড়ি বৃষ্টি



# গোবেচাৰা

---

- নিৰীহ বা শান্তশিষ্ট বা  
নিৰ্বিৰোধ ভালো মানুষ





# নখদর্পন

---

পুজ্যানুপুজ্ঞা জ্ঞান



শাপে বর

হুজুত মাদার

• অনিষ্টে ইষ্ট সাধন



P2A

# বকলম

নিরক্ষর বা জ্ঞানহীন





# বাজখাঁই

- অতিশয় গম্ভীর ও  
কর্কশ গলা বা কণ্ঠস্বর



# বাজখাঁই

বাজখাঁই শব্দের অর্থ গম্ভীর ও কর্কশ গলা বা কণ্ঠস্বর। কিন্তু এর বুৎপত্তিগত ইতিহাস অন্যরকম- বাজবাহাদুর খাঁর গম্ভীর ও চড়া গলা। ষোড়শ শতকের মধ্যভাগে মালব প্রদেশের শাসনকর্তা ছিলেন বাজবাহাদুর খাঁ। গীতবাদ্যে তাঁর অসাধারণ পারদর্শিতা ছিল। রাজকার্য অবহেলা করে তিনি সংগীত, নৃত্য প্রভৃতি কাজে অধিক সময় ব্যস্ত থাকতেন। বাজবাহাদুর খাঁ ১৫৬১ খ্রিষ্টাব্দে একবার এবং ১৫৭০ খ্রিষ্টাব্দে আর

একবার সম্রাট আকবরের সাথে যুদ্ধে লিপ্ত হয়েছিলেন। অবশ্য দুই বারই তিনি হেরেছেন। শেষ জীবনে তিনি সম্রাট আকবরের দরবারে সংগীত-সাধক হিসেবে স্থান পান।

বাজবাহাদুরের কণ্ঠ ছিল যেমন চড়া তেমন গম্ভীর। তার এ চড়া ও গম্ভীর গলা থেকে বাংলা /বাজখাঁই/ শব্দের উৎপত্তিও বিকাশ।

# শিকেয় তোলা

- ভবিষ্যতের জন্য  
রেখে দেওয়া





# মাকাতার আমল বা কাল

অতি প্রাচীনকাল বা  
প্রাগৈতিহাসিক যুগ






# কুরুক্ষেত্র কাণ্ড

ভীষণ ঝগড়া বা তুমুল  
কাণ্ড



# ঘড়েল লোক

ফন্দিবাজ বা কুচক্ৰী বা ধুরন্ধর



# তোগলকি কাণ্ড বা আমল

---

সৃষ্টিছাড়া বা পরিকল্পনাহীন





# অন্ধের যষ্টি

---

## একমাত্র অবলম্বন





# আদা জল খেয়ে লাগা

প্রাণপণ চেষ্টা করা



গোবরে

পদ্মফুল

নীচ বংশে মহতের জন্ম



উনপাঁজুরে

দুর্বল, অপদার্থ



উনিশ

ধর্মের ষাঁড়

যথেষ্টচারী





~~সুন্দরী~~ বায়ু

পাগলামি





পিপুফিশু

অত্যন্ত অলস বা কুঁড়ে

অতি দৰ্পে হত লক্ষা

অহংকাৰে পতন



চক্ষুদান করা

---

চুরি করা



চক্ষুদান করা





ডুমুরের ফুল

---

অদৃশ্য বস্তু



# ডাকাবুকো

•নির্ভীক



কুস্তকর্ণের ঘুম বা

নিদ্রা

---

•দীর্ঘদিনের  
আলস্য





# বিশুজ্জালা

জগা খিচুড়ি





# কলুর বলদ

## একটানা খাটুনি



আত্মসাৎ করা বা  
দখল করে নেওয়া

কুম্ভিগত করা



পৌঁ ধরা

তোষামোদ করা





আদায় কাঁচকলায়

শক্তাভাপন



# ছএভঙ্গ করা

---

- সারিভাঙা বা দলের  
বিশৃঙ্খলা বা এলোমেলো



# ছেঁদো কথা

---

- সাজানো বা কপট বা  
তুচ্ছ বা মূল্যহীন





টনক নড়া

ভুঁশ হওয়া বা খেয়াল হওয়া



# টানাপোড়েন

সংকটের মধ্যে থাকা



# টেক্সা মারা বা দেওয়া

অতিক্রম করা বা ছাড়িয়ে যাওয়া  
বা টেক্সর দেওয়া বা পাল্লা দেওয়া





টুঁ-মাৱা' শব্দটিৰ আভিধানিক অৰ্থ খোঁজখবৰ নেওয়া। কোনৰূপ উদ্দেশ্য ব্যতিৰেকে কোথাও  
যাওয়া প্ৰভৃতি অৰ্থ প্ৰকাশে শব্দটি ব্যবহার করা হয়। যেমন বলা যায় : কোনও কাজ ছিল না,  
তবু বাজাৰে একটু টুঁ-মেৰে এলাম। দুষ মাৱা থেকে টুঁ-মাৱা বাগ্‌জিৰ উৎপত্তি। এটাকে  
গুঁতো মাৱাও বলা যায়। এবাৰ দুষ কে মাৱে দেখা যাক। গৰু-ছাগল, মহিষ  
প্ৰভৃতি গৃহপালিত পশু প্ৰায়শ সুযোগ পেলেই কোনৰূপ ইশাৰা-ঈঙ্গিত ছাড়াই  
হঠাৎ দুষ মেৰে বসে। গৃহপালিত পশুৰ দুষ মাৱাৰ কোনও উদ্দেশ্য আসলে থাকে না।  
ইচ্ছে হলো এবং সুযোগ পেল ব্যাস,  
সঙ্গে সঙ্গে একটা মেৰে দিল- এ আৰ কী! এৰূপ 'দুষ মাৱা' মূলত গৃহপালিত  
পশুৰ ক্ষণিকের আনন্দ। অন্যকে দুষ খেতে দেখলে অনেকে আনন্দ পায়।  
মানুষ যখন গৰু-ছাগলের 'দুষ মাৱাৰ' মতো  
উদ্দেশ্যবিহীনভাবে কোথাও যায় কিংবা ঘূৰে-বেড়ায় তখন তাকে বলা হয় টুঁ-মাৱা।  
গৰু-ছাগলের শিং আছে, মহিষেরও শিং আছে। তাই তাদের দুষে চন্দ্ৰবিন্দু নেই।  
কিন্তু মানুষের যেহেতু শিং নেই এবং কপালে শিং  
লাগানোরও কোনও সুযোগ নেই তাই  
বাধ্য হয়ে টুঁ-মাৱা বাগ্‌জিতে চন্দ্ৰবিন্দু লাগিয়ে গৰুছাগলের উদ্দেশ্যবিহীন  
কাজটাকে আৰও সার্থক ও একনিষ্ঠ করে তোলা হয়েছে।

# টুঁ-মাৱা

## খোঁজখবৰ নেয়া

# টিপ্পনী কাটা বা দেওয়া

- ফোড়ন কাটা বা বিকল্প মন্তব্য

প্রকাশ করা

তন্নতন্ন করে খোঁজা

- পুজ্জানুপুজ্জা, কোনো কিছু বাদ  
না দিয়ে

আঙুল ফুলে কলাগাছ

• হঠাৎ বড়োলোক হওয়া



অগাধ জলের মাছ

- সুচতুর ব্যক্তি

# রাশভারী

- গম্ভীর প্রকৃতি, মেজাজি

লালবাতি জ্বলা

ব্যবসায়ে ফেল মারা

# শিরোপা জেতা

- পুরস্কার, খেতাব



# ভণিতা করা

- দীর্ঘ মুখবন্ধ, ভূমিকা

ষড়যন্ত্র করা

- চক্রান্ত, কুটকৌশল

# কড়ি কাঠ গোনা

- সময়ক্ষেপণ বা কিছুই না করা

লক্ষাকাণ্ড



রামায়ণ

কৃত্তিবাস ওঝা

লক্ষাকাণ্ড

তুমুল কাণ্ড





আলানের ঘরে দুলাল

• অতি আদরের নষ্ট পুত্র

গোধূলি বেলা

সন্ধ্যাবেলা

অকালবোধন

অসময়ে কাজ আরম্ভ করা



# কংস মামার আদর

- কৃত্রিম ভালোবাসা

# কুপমণ্ডুক

- সীমাবদ্ধ জ্ঞান, সংকীর্ণমনা

# খই ফোটা

- অনর্গল অতিদ্রুত কথা বলা

গলগ্রহ

•অনিচ্ছাসত্ত্বেও ভার নেওয়া



পুরুষদুৰি

•সৰ্বনাশ

ফোড়ন কাটা বা দেওয়া

- কথার মধ্যে টিপ্পনী কাটা

# অ

- অন্নজল ওঠা- আয়ু বা সময় শেষ হওয়া
- অষ্টমঙ্গলা- আনন্দের রেশ থাকাবস্থা
- অকটবিকট – ছটফটানি
- অকড়িয়া- ধনহীন
- অকালকুসুম- অসময়ের ফুল
- অকালপক্ক – ইঁচড়ে পাকা
- অকাল বোধন - অসময়ে আবির্ভাব
- অগত্যা মধুসূদন - অনন্যোপায় হয়ে

# অ

- অগস্ত্য যাত্রা - শেষ বিদায়
- অঙ্কুশ-তাড়না - অন্তর্গত আঘাত
- অজগর বৃত্তি - আলসেমি
- অঞ্চলপ্রভাব - স্ত্রীর প্রভাব
- অনন্তশয্যা - শেষ শয্যা
- অক্লিসন্ধি - ফাঁকফোকর
- অপোগণ্ড - অকর্মণ্য/ অপ্রাপ্ত বয়স্ক
- অবরে সবরে - কালে-ভদ্রে



# অ

- অশ্বমেধ যজ্ঞ – বিপুল আয়োজন
- অষ্ট বা আট কপাল- হতভাগ্য
- অষ্টরম্ভা- কাঁচকলা বা ফাঁকি
- অসূর্যম্পশ্যা - গৃহে অন্তরীণ
- অস্থির পঞ্চক, অস্থির পঞ্চম – কিংকর্তব্যবিমূঢ়তা
- অক্ষরে অক্ষরে- সম্পূর্ণভাবে
- অ আ ক খ - প্রাথমিক জ্ঞান
- অকালের বাদলা - অপ্রত্যাশিত বাধা

# অ

- অক্ষয় বট- প্রাচীন ব্যক্তি
- অগ্নিশর্মা- ক্ষিপ্ত
- অগ্ন জল হওয়া- শীতল
- অদৃষ্টের পরিহাস – ভাগ্যের বিড়ম্বনা
- অন্তর টিপুনি – গোপন ইশারা
- অতি চালাকের গলায় দড়ি - বেশি চালাকির অশুভ পরিণাম
- অষ্টবজ্র সম্মিলন – প্রতিভাবান ব্যক্তিদের একত্র সমাবেশ
- অঘাকান্ত/অঘাচণ্ডী/অঘারাম – নিরোধ, নিরেট বোকা

# অ

- অন্ধকারে টিল ছোঁড়া – পুরাপুরি আন্দাজে কাজ করা
- অথৈ জল – ভীষণ বিপদ
- অনুরোধে টেকি গেলা- পরের অনুরোধে কঠিন কাজের দায়িত্ব গ্রহণ

# আ

- ০১. আগড়ম বাগড়ম – অর্থহীন কথা
- ০২. আচাভুয়ার বোম্বাচাক- অসম্ভব ব্যাপার
- ০৩. আমড়া গাছি করা- অযথা প্রশংসা করা
- ০৪. আকাশ ধরা – বৃষ্টি বন্ধ হওয়া
- ০৫. আকাশে থুতু ফেলা – নিজেরই ক্ষতি করা
- ০৬. আক্কেলমত্ত, আক্কেলমন্দ – বিবেচনা করে এমন
- ০৭. আখাম্বা- বেখাপ্লা
- ০৮. আটখান করা, আটখানা করা – টুকরো টুকরো করা



# আ

- ০৯. আটাশে ছেলে – দুর্বল ছেলে
- ১০. আঠারো আনা – বাড়াবাড়ি
- ১১. আড়ং ঘাটা – খেয়াঘাট
- ১২. আতান্তরে পড়া – বিপদে পড়া
- ১৩. আতারি কাতারি – ছটফটে ভাব
- ১৪. আদমের কাল – সুপ্রাচীন কাল
- ১৫. আদার ব্যাপারি – সাধারণ লোক
- ১৬. আদাডের হাঁড়ি – সামান্য লোক

# আ

- ১৭. আমগন্ধি – কাঁচাগন্ধযুক্ত
- ১৮. আমি-আমি করা- আত্মপ্রশংসা করা
- ১৯. আয়োসুয়ো – সধবা স্ত্রীলোকের দল
- ২০. আর আর- অন্যান্য
- ২১. আলেয়ার আলো – দুর্লভ বস্তু
- ২২. আহ্লাদে ফুটকড়াই – হেসে কুটিকুটি
- ২৩. আঁকুপাঁকু করা – ছটফটানি
- ২৪. আঁচল ধরে বেড়ানো – ব্যক্তিত্বহীন

# আ

- ২৫. আকাট মূর্খ – নিরেট বোকা
- ২৬. আকাশ থেকে পড়া – অপ্রত্যাশিত
- ২৭. আকাশ-পাতাল – বিশাল ব্যবধান
- ২৮. আকাশেরচাঁদ – দুর্লভ বস্তু
- ২৯. আক্কেল গুডুম – হতবুদ্ধি হওয়া
- ৩০. আগুনে ঘি ঢালা – রাগ বাড়ানো
- ৩১. আক্কেল সেলামি – ভুলের মাশুল
- ৩২. আহ্লাদি/ আহ্লাদে পুতুল – আদুরে অকর্মণ্য

# আ

- আকাশ কুসুম – অসম্ভব কল্পনা
- আঙুল ফুলে কলাগাছ – হঠাৎ বড়ো লোক
- আমতা আমতা করা – ইতস্তত করা, দ্বিধা করা
- আকাশে তোলা – অতিরিক্ত প্রশংসা করা
- আঁতে ঘা – প্রাণে আঘাত
- আদিখ্যেতা – ন্যাকামি
- আনাড়ি – অপটু, অনভিজ্ঞ
- আঁটকুড়ো – নিঃসন্তান



- ইন্দ্রপতন – বিখ্যাত ব্যক্তির মৃত্যু
- ইষ্টনাম জপা – স্রষ্টাকে স্মরণ
- ইতুনিদ কুঁড়ে – অলস
- ইঁচড়ে পাকা – অকালপক্ব
- ইলশে গুঁড়ি – গুঁড়িগুঁড়ি বৃষ্টি
- ইঁদুর কপালে – মন্দভাগ্য
- ইতর বিশেষ – প্রভেদ বা পার্থক্য
- ইদের চাঁদ – কাক্ষিত বস্তু

# উ

- উড়ো কথা – গুজব
- উড়নচণ্ডী – উচ্ছৃঙ্খল
- উকর-ধাকর – এলোপাথাড়ি
- উনিশ-বিশ – সামান্য পার্থক্য
- উজল পাজল – উথাল পাথাল
- উজানের কৈ- সহজ লভ্য
- উড়নপেকে – অপব্যয়ী

# উ

- উপোসি ছারপোকা – অভাবগ্রস্ত লোক
- উলুখাগড়া – গুরুত্বহীন লোক
- উলুবনে মুক্তো ছড়ানো – বৃথা আয়োজন
- উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে – একের দোষ অপরের ওপর চাপনো
- উড়ো চিঠি – বেনামি পত্র
- উড়ে এসে জুড়ে বসা অকস্মাৎ আবির্ভাব

# উ

- উনকোটি চৌষটি - প্রায় সম্পূর্ণ
- উনো বর্ষা দুনো শীত - যে বছর বৃষ্টি কম হয়, সে বছর শীত বেশি পড়ে
- উর্মিমালী - সমুদ্র



এ

- এতায় গণ্ডায় - গোঁজামিল দেওয়া
- এক লহমার এক মুহূর্তে
- এলেবেলে নিকৃষ্ট
- এক ডাকের পথ - কাছাকাছি
- এককে একুশ করা- অযথা বাড়ানো
- এক গোয়ালের গোরু - এক শ্রেণিভুক্ত
- এক হাত লওয়া - জব্দ করা
- এক চোখো - পক্ষপাতদুষ্ট

এ

- এক ছাঁচে ঢালা – সাদৃশ্য
- একাদশে বৃহস্পতি – সৌভাগ্য
- এক ক্ষুরে মাথা মুড়ানো – এক দলভুক্ত
- এক বনে দুই বাঘ – প্রবল প্রতিদ্বন্দ্বী
- এক কথার মানুষ – দৃঢ় সংকল্প ব্যক্তি
- এক যাত্রায় পৃথক ফল – একই কাজের ভিন্ন প্রাপ্তি
- এসপার ওসপার- মীমাংসা

ও

- ওলা-ওঠা প্রতি ঘরে – মহামারি
- ওষুধ করা – বশ করা বা গুণ করা
- ওষুধ পড়া – সঠিক ব্যবস্থা নেওয়া
- ওঝার ঘাড়ে ভূত – বিপদগ্রস্ত কাণ্ডারি

# ক

- কতশত- অসংখ্যা
- কথার ফুলঝুরি – বাকপটুতা
- কানি খাওয়া – পক্ষপাতিত্ব
- ক-অক্ষর গোমাংস – সম্পূর্ণ মূর্থ
- কলমির ঝাড় – বংশে বহু লোক
- কচু পোড়া – অখাদ্য
- কচ্ছপের কামড় – যা সহজে ছাড়ে না
- কড়ার ভিখারি – দীন বা দরিদ্র



# ক

- কড়ি কপালে- ভাগ্যবান
- কড়িকাঠ গোনা – কাজ না করে কালহরণ
- কথার মানুষ – কথা ঠিক রাখে এমন
- কপাল ঠুকে লাগা – প্রত্যয় নিয়ে কাজে লাগা
- করে খাওয়া – জীবিকার উপায় পাওয়ার
- কটু কাটব্য – তিরস্কার
- কপোল-কল্পনা – মনগড়া কথা
- করাতির দাঁত – উভয়-সংকট

# ক

- কলির সন্ধ্যা – দুর্দিনের সূত্রপাত
- কলমি কাণ্ডেন – দরিদ্র কিন্তু বিলাসী
- কলমের খোঁচা – অনিষ্ট করার উদ্দেশ্যে লিখিত আদেশ
- কমলি ছাড়ে না – নাছোড়বান্দার পাল্লায় পড়া
- কানখড়া – যার কান খুব সজাগ
- কাগুজে বাঘ – মিথ্যা জুজু
- কাজের থই- কাজের সীমা
- কায়দা হওয়া- বশে আসা

# ক

- কার্তিকে ঝড়- অসময়ের ঝড়
- কাভূষণ্ডি - দীর্ঘায়ু ব্যক্তি
- কাট-গোঁয়ার - অত্যন্ত একগুঁয়ে
- কাটনার কড়ি - উপার্জন সামান্য
- কানু ছাড়া গীত নাই - একমাত্র অবলম্বন
- কাবুতে পাওয়া - বাগে পাওয়ার
- কালাপানি পার - দ্বীপান্তরে যাওয়া
- কাঁজি ভক্ষণ নামে গোয়ালা - হতভাগ্য

# ক

- কাঁঠালের আমসত্ত্ব – অলীক বস্তু
- কাটা ঘায়ে নুনের ছিঁটে – আহতকে আরও আঘাত দেওয়া
- কানাগোরুর ভিন্ন পথ – অস্থানে সুনির্দেশনা
- কায়েতের ঘরের ঢেঁকি – অপদার্থ লোক
- কিপটের জাসু – অত্যন্ত কৃপণ
- কিশ্কিন্ধ্যাকাণ্ড – তুমুল হটগোল
- কিস্তুতকিমাকার – অদ্ভুত ও কৃত্ৰসিত
- কিল খেয়ে কিল হজম – অপমান গোপন করা

# ক

- কুচো বাসন – ছোটোখাটো থালাবাটি
- কুঁজড়ে পনা – ঝগড়াটে স্বভাব
- কুবেরের ভাণ্ডার – অফুরন্ত ঐশ্বর্য
- কুমড়ো কাটা বট ঠাকুর – অকর্মণ্য লোক
- কুমিরের সান্নিপাত – অসম্ভব ব্যাপার
- কুলোপানা চক্রর – সারহীন আড়ম্বর
- কেঁচে যাওয়া- পণ্ড হয়ে যাওয়া
- কেঁচো খুঁড়তে সাপ বেরনো – তুচ্ছ ব্যাপার থেকে গুরুতর ব্যাপার প্রকাশ



## ক

- কেতাদুরস্ত – বিলাসী, ফ্যাশনবাগীশ বা পরিপাটি
- কেস কেরোসিন – ব্যাপার গুরুতর
- কেল্লাফতে – জয়লাভ
- কেঁচে গণ্ডুষ – গোড়া থেকে শুরু
- কলুর বলদ – একটানা খাটুনি
- কপাল ফেরা – সৌভাগ্য লাভ
- কত ধানে কত চাল- হিসেব করে চলা
- কড়ায় গণ্ডায়- সম্পূর্ণ, পুরোপুরি

# ক

- কাঁচা পয়সা – নগদ উপার্জন
- কূপমণ্ডুক – ঘরকুনো/সীমাবদ্ধ জ্ঞান সম্পন্ন
- কথায় চিঁড়ে ভেজা – ফাঁকা বুলিতে কার্যসাধন
- কেউ কেটা – সামান্য
- কচু বনের কালাচাঁদ – অপদার্থ
- কংস মামা – নির্মম আত্মীয়
- কেবলা হাকিম – অনভিজ্ঞ
- কলা দেখানো – ফাঁকি দেয়া

# ক

- কুস্তীরাশ্রু – মায়াকান্না, কপট অশ্রু
- কুস্তকর্ণের নিদ্রা – দীর্ঘদিনের আলস্য বা গভীর ঘুম
- কেষ্ট-বিষ্ট – বিশিষ্ট ব্যক্তি
- কাষ্ঠ হাসি – কপট হাসি
- কাকক্ষান – অসম্পূর্ণ গোসল
- কালনেমির লক্ষাভাগ – শুরুর আগেই ফল প্রাপ্তির লোভ

# খ

- খেউর গাওয়া – গালাগালি করা
- খ্যাংরাকাঠি – বিসদৃশরকম রোগা বা ঝাঁটার কাঠির মতো সরু
- খামকাজ – ভুল কাজ
- খুদে রাক্ষস – পেটুক মানুষ
- খুরে খুরে দণ্ডবৎ – হার স্বীকার
- খেজুরে আলাপ – অকাজের কথা
- খেরো খাতা – হিসাবের খাতা
- খোদার উপর খোদকারি – অসংগত হস্তক্ষেপ

খ

- খোল নলচে বদলানো – আমূল পরিবর্তন করা
- খাতির জমা – নিরুদ্বিগ্ন
- খিচুরি পাকানো – জটিল করা
- খণ্ডকপাল – দুর্ভাগ্য
- খণ্ডপ্রলয় – তুমুলকাণ্ড, ভীষণ ব্যাপার
- খোদার খাসি – হৃষ্টপুষ্ট ব্যক্তি
- খাবি খাওয়া – ছটফট করা



# গ

- গঙ্গা পাওয়া- মারা যাওয়া
- গজ-কচ্ছপের যুদ্ধ – শক্তির দুই পক্ষের লড়াই
- গোড়িমওয়ালা শিশু – দুধের বাচ্চা
- গয়ংগচ্ছ – টিলেমি
- গলবস্ত্র হওয়া – বিনীতভাবে অনুরোধ
- গরজ বড়ো বালাই – প্রয়োজনের গুরুত্ব
- গরিবের ঘোড়া রোগ – অবস্থার অতিরিক্ত অন্যায় ইচ্ছা

# গ

- গোরু মেরে জুতো দান - বড়ো ক্ষতি করে সামান্য পূরণ
- গঙ্গাজলে গঙ্গাপূজো - পরের জিনিস পরকে সমার্পন
- গলায় পা দেওয়া - পীড়ন করা
- গা তোলা - ওঠা
- গায়ে কাঁটা দেয় - রোমাঞ্চ হওয়া বা ভয়ে শিউরে ওঠা
- গাছে কাঁঠাল গোঁফে তেল- শুরুৰ আগেই ফলাফলের প্রত্যাশা
- গায়ে ফুঁ দিয়ে বেড়ানো - আরামে সময় কাটানো

# গ

- গাছে তুলে মই কেড়ে নেওয়া - আশা দিয়ে পরে নিরাশ করা
- গায়ে ফু দিয়ে বেড়ানো - আরামে সময় কাটানো
- গোড়ায় গলদ - প্রথমেই ত্রুটি
- গোবর গণেশ - অকর্মণ্য
- গোদের উপর বিষফোঁড়া - যন্ত্রণার উপর আরও যন্ত্রণা
- গুরুচণ্ডালী - উঁচু-নিচুর সহাবস্থান
- গুড়ে বালি - আশায় নৈরাশ্য

# গ

- গদভরাগিনী – কৰ্কশ সুর
- গো-মূৰ্খ – নিরেট মূৰ্খ বা বৰ্ণজ্ঞানহীন
- গোঁয়ার গোবিন্দ – কাণ্ডজ্ঞানহীন
- গৌরীসেনের টাকা – অফুরন্ত অর্থ
- গো-বৈদ্য – হাতুড়ে
- গওগ্রাম – বড়োগ্রাম, অজপাড়াগাঁ

## চ

- চটকের মাংস সামান্য জিনিস
- চড়কগাছ – অত্যন্ত দীর্ঘকায়
- চশমখোর – সম্পূর্ণ বেহায়া
- চাঁদ-কপালে – ভাগ্যবান
- চতুর্ভুজ হওয়া – উৎফুল্ল হওয়া
- চোখের চামড়া/পর্দা – চক্ষুলাজ্জা
- চোখের বালি – চক্ষুশূল
- চক্ষের পুতলি – আদরের ধন



# চ

- চডুই পাখির প্রাণ – ক্ষীণজীবী লোক
- চিনির পুতুল – শ্রমকাতুরে
- চর্বিত চর্বণ – পুনরাবৃত্তি
- চাচা আপন প্রাণ বাঁচা – স্বার্থপর
- চিনির বলদ – ভারবাহী
- চক্ষু চড়কগাছ – আশ্চর্যান্বিত হওয়া
- চৌদ্দবুড়ি – প্রচুর
- চুনোপুঁটি – সামান্য লোক

# চ

- চোখ কপালে তোলা – বিস্মিত হওয়া
- চোখ নাচা – শুভাশুভের লক্ষণ
- চুলের টিকি না দেখা যাওয়া – অদর্শন হওয়া
- চেটেনেটে – কমবয়সী বধূ
- চোখে সরষে ফুল দেখা – বিপদে দিশাহারা হয়ে পড়া
- চক্ষুর্গের বিবাদ ভঞ্জন – নিঃসন্দেহ হওয়া
- চড় মেরে গড় করা – আগে অপমান করে শেষে সম্মান

## চ

- চাপান-উতোর - পারস্পরিক সন্দেহ
- চিত্রগুপ্তের খাতা - যে খাতায় সবকিছু পাওয়া যায়
- চোরা রাত চুরি করার পক্ষে প্রশস্ত
- চাঁদের হাট - আত্মীয় সমাগম
- চিচিং ফাঁক - গোপন রহস্যের প্রকাশ
- চোখে ধুলা দেওয়া - ঠকানো
- চিনে জোঁক - নাছোড়বান্দা

# ছ

- ছাগল টাঙানো – লম্বা জায়গা নেওয়া
- ছাঁদনাতলা – বিবাহের মণ্ডপ
- ছামনি নাড়া – দৃষ্টি বিনিময়
- ছারেখারে যাওয়া- ধ্বংস হওয়া
- ছুঁচোর কেতুন – অবিরাম কলহ
- ছাই চাপা আগুন – অপ্রকাশিত প্রতিভা
- ছেলের হাতের মোয়া – সামান্য বস্তু
- ছুঁচো মেরে হাত গন্ধ করা – সামান্য স্বার্থে দুর্নাম অর্জন

# ছ

- ছক্কা পাঞ্জা করা- বড়ো বড়ো কথা বলা
- ছিঁচ কাঁদুনে – অল্লেই কাঁদে এমন
- ছা-পোষা- পোষ্য ভারাক্রান্ত / অত্যন্ত গরিব
- ছাই ফেলতে ভাঙা কুলো- সামান্যের বিশেষ প্রয়োজন
- ছেঁড়া চুলে খোঁপা বাঁধা- পরকে আপন করার চেষ্টা করা
- ছ কড়া ন কড়া - অপচয়/ অবহেলা করা
- ছয়কে নয় নয়কে ছয় - অপচয় করা
- ছাতা দিয়ে মাথা রাখা- বিপদে সাহায্য করা
- ছিনিমিনি খেলা- নষ্ট করা



# জ

- জবড়জং- এলোমেলো
- জলভাত – সহজসাধ্য
- জলযোগ – হালকা খাবার
- জলপান – হালকা খাবার
- জলপানি – বৃত্তি
- জগ দেওয়া – ঠকানো
- জলগ্রহণ না করা – সম্পর্ক না রাখা
- জলের দাগ – ক্ষণস্থায়ী

# জ

- জামাই-আদর – প্রচুর আদর-যত্ন
- জিগির তোলা – ধ্বনি দেওয়া
- জিয়ন্তে-মারা – জীবন্ত
- জোড়ের পায়রা – ঘনিষ্ঠ বন্ধু
- জিলাপির প্যাচ – কূটবুদ্ধি
- জাহান্নামে যাওয়া – উচ্ছনে যাওয়া
- জলাঞ্জলি দেওয়া – বিসর্জন দেওয়া
- জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ – ছোটোবড় সব কাজ
- জলে কুমির ডাঙায় বাঘ – উভয় সংকট

বা

- বাঁকি দর্শন – ক্ষণিকের জন্য দেখা
- ঝাড়েবংশে – সবশুদ্ধ
- বাঁকের কৈ – এক দলভুক্ত
- ঝালে ঝোলে অম্বলে – সর্বত্র বিরাজিত
- ঝাডো কাক – বিপর্যন্ত
- ঝড়তি-পড়তি – ছোটোখাটো অংশ

বা

- ঝিঙেফুল ফোটা – আয়ু ফুরিয়ে আসা
- ঝোলের লাউ অম্বলের কদু – সব পক্ষের মন জুগিয়ে চলা
- ঝোলে অম্বলে এক করা – মিশিয়ে ফেলা
- ঝরাপাতা – জীর্ণশীর্ণ লোক
- ঝিকে মেরে বউকে শেখানো- একজনের মাধ্যমে অপরকে শিক্ষাদান
- ঝোপ বুঝে কোপ মারা – সুযোগ মতো কাজ করা

# ট

- টুলো পণ্ডিত – পুথিগত বিদ্যাসাগর
- টই টম্বুর – কানায় কানায় পূর্ণ
- টাকার আঙুল – বিপুল টাকার মালিক
- টাকার কুমির- ধনী ব্যক্তি
- টাকাটা সিকিটা – খুব সামান্য টাকা
- টুপ ভুজঙ্গ – নেশায় বিভোর



# ট

- টেঙাই-মেঙাই – আস্থালন
- টানা পোড়েন – বিরক্তিকর যাতায়াত
- ঢেকে গোঁজা – আত্মসাৎ করা
- টুপি পরানো – খোসামোদ করা বা বোকা বানানো
- টাল সামলানো – বিপদ হতে মুক্তি
- টীকা ভাষ্য – দীর্ঘ আলোচনা




- ঠুঁটো জগন্নাথ - অকর্মণ্য
- ঠোলাপাতি - বনভোজন
- ঠক বাছতে গাঁ উজাড় - পরিণামে শূন্য লাভ
- ঠারে ঠারে - ইঙ্গিতে
- ঠান্ডা লড়াই - গোপনে বিরোধিতা
- ঠোঁট কাটা - স্পষ্টভাষী
- ঠেকা মেয়ে - চিরকুমারী
- ঠাঁট বজায় রাখা - অভাব চাপা রাখা

## ড

- ডানাকাটা পরি – ব্যঙ্গার্থে বা পরমাসুন্দরী স্ত্রীলোক
- ডিমে রোগা – চির-রুগ্ণ
- ডান হাতের ব্যাপার – খাওয়া
- ডামাডোল – গোলযোগ
- ডকে ওঠা – নষ্ট হওয়া
- ডুবে ডুবে জল খাওয়া – গোপনে কাজ করা
- ডাইনির কোলে ছেলে সঁপা- ভিক্ষককেই রক্ষণের দায়িত্ব দেওয়া
- ডাইনে আনতে বাঁয়ে কুলোয় না- আয়ের চেয়ে ব্যয় বেশি

৬

- 
- টেঁটরা পেটা – ব্যাপক প্রচার
  - ঢক্কা-নিবাদ – উচ্চ কণ্ঠে ঘোষণা
  - ঢাক গুড় গুড় – লুকোচুরি
  - ঢাকে কাঠি পড়া – উৎসব অনুষ্ঠানের সূচনা হওয়া
  - ঢেঁকি অবতার – নির্বোধ লোক
  - ঢেরা সই – নিরক্ষর লোকের সই
  - ঢেঁকি না কুলো, না ঢেঁকি না কুলো – অন্নসংস্থানের উপায় না থাকা
  - ঢেউগোনা – অকাজে সময় নষ্ট
  - ঢেঁকির কুমির – অপদার্থ
  - টি টি পড়া – কলঙ্ক

ত

- তয়নাত করা - স্থির করা
- তেল-কাজলা - চকচকে
- ত-খরচ - বাজে খরচা
- তক্কে তক্কে থাকা - গোপনে সতর্ক থাকা
- তালগাছের আড়াই হাত - শেষ ও সবচেয়ে কঠিন অংশ
- তাল পাতার সেপাই - ক্ষীণজীবী
- তাসের ঘর - ক্ষণস্থায়ী ঘর



ত

- তামার বিষ – অর্থের কুপ্রভাব
- তারে নাচন – দুরবস্থার একশেষ
- তেল-নুন-লকড়ি – মৌলিক প্রয়োজন
- তীর্থের কাক – প্রতীক্ষারত
- তিন মাথা এক হওয়া – খুব বৃদ্ধ হওয়া
- ত্রিশঙ্কু অবস্থা – মধ্যাবস্থা
- তিনঠেঙে – নাজেহাল অবস্থা

ত

- তুষের আগুন – দীর্ঘস্থায়ী মানসিক যন্ত্রণা
- তুলসী বনের বাঘ – সুবেশে দুর্বৃত্ত
- তালকানা – বেতাল হওয়া
- তুবড়ি ছোট – বেশি কথা বলা
- তোলা হাঁড়ি – গম্ভীর

থ

- থুরে দেওয়া – জব্দ করা
- থ হওয়া – স্তম্ভিত হওয়া
- থ পাতা – স্থায়ীভাবে কিছু করা
- থোড়াই কেয়ার করা - গ্রাহ্য না করা
- থরহরি কম্প – ভয়ে প্রচণ্ড কাঁপা

# দ

- দক্ষযজ্ঞ - ব্যাপক আয়োজন
- দানোয় পাওয়া - ভূতে পাওয়া
- দিগ্ধেড়েঙ্গা - বেমানান রকমের লম্বা
- দক্ষিণ হস্তের ব্যাপার - ভোজন
- দড়ি-কলসি - আত্মহত্যার উপায়
- দফা নিকেশ - সমূহ সর্বনাশ
- দহলা-নহলা করা - ইতস্তত করা

# দ

- দহরম-মহরম – অন্তরঙ্গতা
- দা-কুমড়ো সম্বন্ধ – শত্রুতা
- দাঁতে দড়ি দিয়ে পড়ে থাকা – অনাহারে থাকা
- দাঁড়কাকের ময়ূরপুচ্ছ – অনুকরণের হাস্যকর চেষ্টা
- দুধে ভাতে থাকা – সুখে থাকা
- দেঁতো হাসি – কৃত্রিম হাসি বা লোক দেখানো অলীক হাসি
- দুধ-ঘি়ের শ্রাদ্ধ করা – অপব্যয়



দ

- দোজবরে – দ্বিতীয়বার যে ছেলে বিয়ে করতে চায়
- দুধের সাধ ঘোলে মিটানো – ভালোর অভাব মন্দ দিয়ে পূরণ
- দিন ফুরানো – আয়ু শেষ
- দুধের মাছি – সুসময়ে বন্ধু
- দু নৌকায় পা – উভয় সংকট
- দক্ষিণার জোরে – টাকা পয়সা দিয়ে

# ধ

- ধোয়া তুলসীপাতা – নির্দোষ
- ধুয়ো তোলা – অজুহাত বের করা
- ধর্মের কল – সত্য
- ধর্ম যুধিষ্ঠির – ধার্মিক
- ধরতাই বুলি – চালু কথা
- ধড়া-চূড়া – সাজগোজ
- ধামাধরা – তোষামোদকারী
- ধেয়ে নাচনি – ধিঙ্গি মেয়ে

ধ

- ধোপা নাপিত বন্ধ করা - একঘরে করা
- ধোপার গাধা - পরের জন্য খাটা
- ধড়ে প্রাণ আসা — বিপদ থেকে উদ্ধার
- ধরাকে সরা জ্ঞান করা - অহংকারে সব কিছুকে তুচ্ছ মনে করা
- ধান ভানতে শিবের গীত - অপ্রাসঙ্গিক বিষয়ের অবতরণা
- ধান দিয়ে লেখাপড়া শেখা - নামমাত্র খরচ
- ধনুক-ভাঙা পণ - সুকঠিন প্রতিজ্ঞা
- ধর্মপুত্র যুধিষ্ঠির - ধার্মিক
- ধরি মাছ নাই ছুঁই পানি - কৌশলে কার্যোদ্ধার

# ন

- নাড়াবুনে – মূর্খ
- নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা – নিজের অনিষ্ট করেও পরের ব্যাপক ক্ষতি করা
- নবমী দশা – মূর্ছা
- নমাসে-ছমাসে – কালে-ভদ্রে
- নয়-দুয়ারি (ন-দুয়ারি) – দ্বারে দ্বারে ভিক্ষা করে এমন
- নরক গুলজার – অনেকে জুটে সরগরম
- নাচতে নেমে ঘোমটা – বথা লজ্জা

# ন

- নারদের টেঁকি – বিবাদের বিষয়
- নিজের ঢাক নিজে পেটানো – আত্মপ্রকাশ
- নুড়ো জ্বলে দেওয়া – মৃত্যু কামনা করা
- নোলা বাড়ানো – লোভ করা
- নকড়া ছকড়া করা – হেলা ফেলা করা
- নগদ নারায়ণ – নগদ অর্থ
- নজর দেওয়া – কুদৃষ্টি



# ন

- ননীর পুতুল – সহজে কাতর, আদুরে দুলাল
- নয় ছয় – অপব্যয়
- নিজের চরকায় তেল দেওয়া – নিজের কাজে মন দেওয়া
- নেই আঁকড়া – একগুঁয়ে স্বভাবের
- নিমরাজি – আংশিক স্বীকার করা

প

- পড়ে-পাওয়া চোদো আনা – বিনা পরিশ্রমে প্রাপ্ত
- পয়লানস্বর – অতি চমৎকার
- পই-পই করে – বারবার স্মরণ করিয়ে দেওয়া
- পরঘড়ি পান্তামারি – হাড়হাভাতে লোক
- পর্বতের মূষিক প্রসব – বিরাট সম্ভাবনার সামান্য প্রাপ্তি
- পশ্চিমদিকে সূর্য ওঠা – অসম্ভব ব্যাপার
- পায়ে রাখা – আশ্রয় দেওয়া
- পাকে-প্রকারে – কলে-কৌশলে

প

- পাণ্ডব বর্জিত - সভ্য লোকের বাসের অযোগ্য
- পাথরে পাঁচ কিল - অদৃষ্ট সুপ্রসন্ন
- পান থেকে চুন খসা - সামান্য ত্রুটি হওয়া
- পান্তা ভাতে ঘি - অপব্যবহার
- পায়ালারি - অহংকার
- পাষণ ভাঙা - দাঁড়িপাল্লায় ফের ভাঙা
- পিঁপড়ের পেট টেপা - অত্যধিক হিসাব করে চলা
- পুঁটিমাছের প্রাণ - ক্ষীণজীবী লোক

প

- পুথি বাড়ানো – ফেনিয়ে বর্ণনা করা
- পুরনো কাসুন্দি ঘাঁটা – অপ্রীতিকর আলোচনা
- পঞ্চমুখ হওয়া – অতিরিক্ত কথা বলা
- পটের বিবি – সুসজ্জিত
- পত্রপাঠ – তৎক্ষণাৎ
- পালের গোদা – দলপতি
- পগারপার – পালানো

# ফ

- ফেকলু পার্টি – কদরহীন লোক
- ফোপর-দালাল – উপযাচক হয়ে অন্যের ব্যাপারে কথা বলা
- ফোতো নবাব –সম্বলহীনের বড়োলোকিভাব
- ফুটিফাটা – চৌচির
- ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া – সামান্য পরিশ্রমে কাতর
- ফোঁস মনসা – ক্রোধী লোক



# ব

- বাস্তবঘুঘু – অতি ধূর্ত লোক
- বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা – বিপদের ঝুঁকি নেওয়া
- বিন্দু বিসর্গ – সামান্য অংশ
- বউ-কাঁটকি – যে শাশুড়ি পুত্রবধূকে যন্ত্রণা দেয়
- বক দেখানো – অশোভনভাবে বিদ্রোপ করা
- বচনবাগীশ – কথায় পটু
- বয়সের গাছ-পাথর না থাকা – অত্যন্ত বৃদ্ধ
- বইয়ের পোকা – পড়ুয়া

# ব

- বর্ণচোরা আম – বহিরঙ্গ একমাত্র পরিচয় নয়/কপট ব্যক্তি
- বাঘে গোরুতে এক ঘাটে জল খাওয়া – ক্ষমতা প্রদর্শন
- বাঙালকে হাইকোর্ট দেখানো – সরল লোককে প্রতারণা
- বাড়া ভাতে ছাই দেওয়া - সফল হওয়ার মুখে বাধা
- বামন হয়ে চাঁদে হাত দেওয়া - অসম্ভব কিছু পাবার চেষ্টা
- বামনের গোরু – যে অল্প পারিশ্রমিকে বেশি কাজ করে
- বারো সতেরো – খুঁটিনাটি
- বারো মাস ত্রিশ দিন – প্রতিদিন

ব

- বারো মাসে তেরো পার্বণ – উৎসবের আধিক্য
- বালির বাঁধ – ক্ষণস্থায়ী
- বাহাত্তরে ধরা – বুড়ো বয়সে মতিচ্ছন্ন হওয়া
- বিড়ালের আড়াই পা – ক্ষণস্থায়ী রাগ বা বেহায়া
- বিনা মেঘে বজ্রপাত – অপ্রত্যাশিত বিপদ
- বিরশি সিক্কা ওজন – বিপুল ওজন
- বুড়ি ছোঁয়া – নামমাত্র নিয়ম পালন
- বুড়ো বয়সে চূড়াকরণ – খোকামি

ব

- বুদ্ধির ঢেঁকি – নির্বোধ লোক
- বেনাবনে মুক্তো ছড়ানো – অপাত্রে মূল্যবান জিনিস দান করা
- বোঝার উপর শাকের আঁটি – অতিরিক্তের অতিরিক্ত
- ব্যাঙের আধুলি – সামান্য পুঁজি হলেও যা গর্বের
- ব্যাঙের লাথি – নগণ্য লোকের দ্বারা অপমান
- বগল বাজানো – আনন্দ প্রকাশ করা
- বজ্র আঁটুনি ফসকা গেরো – বাইরে আড়ম্বর ভেতরে শূন্যতা
- বয়ে যাওয়া – নষ্ট হওয়া
- বসন্তের কোকিল – সুদিনের বন্ধু

ভ

- ভূতের মুখে রাম নাম - স্বপ্রকৃতি বিরুদ্ধকর্ম
- ভয়ে কেঁচো হয়ে থাকা - ভয়ে জড়সড় হওয়া
- ভাঁড়ে মা ভবানী - একেবারে দরিদ্র
- ভিমরুলের চাকে খোঁচা দেওয়া - উস্কানি দেয়া
- ভীষ্মের প্রতিজ্ঞা - অনড় সংকল্প
- ভূতের বাপের শ্রাদ্ধ - অপচয়জনক ব্যাপার
- ভালুক জ্বর - এই আসে, এই যায় (ক্ষণস্থায়ী)

ভ

- ভাদ্র মাসের তাল – প্রচণ্ড কিল
- ভিটের ঘুঘু চরানো – সর্বস্বান্ত করা
- ভূত ঝাড়া – নির্দয়ভাবে প্রহার বা গালি দেওয়া
- ভূতের বেগার খাটা – নিষ্ফল পরিশ্রম করা
- ভরাডুবি – সর্বনাশ
- ভেরেভা ভাজা – অকাজে সময় নষ্ট করা
- ভুঁইফোড় – নতুন আগমন



# ম

- মুখে ফুল-চন্দন পড়া – ভবিষ্যদ্বানী বাস্তবায়িত হওয়ার কামনা
- মামদোবাজি – প্রতারণা
- ম-ম করা – সুগন্ধে ভরে যাওয়া
- মকশো করা – অভ্যাস করা
- মণিহারা ফণী – প্রিয়জনের জন্য অস্থির লোক
- মন উচাটন হওয়া – অস্থির হওয়া
- মশা মারতে কামান দাগা – সামান্য কাজে বিরাট আয়োজন
- ময়ূর ছাড়া কার্তিক –রূপবান পুরুষ

# ম

- মহাভারত অশুদ্ধ - বড়ো রকমের অপরাধ
- মাছের তেলে মাছ ভাজা - পরের মাধ্যমে কার্যোদ্ধার
- মাছের মায়ের পুত্রশোক - লোক-দেখানো শোক
- মাথায় আকাশ ভেঙে পড়া - আকস্মিক বিপদ
- মাথার ঘায়ে কুকুর পাগল - ভীষণ বিপদে অস্থির অবস্থা
- মানের গুড়ে বালি - সম্মানহানি
- মিছরির ছুরি - মুখে মধু অন্তরে বিষ
- মেঘ না চাইতে জল - আশাতীত ফল

# ম

- মেঘে মেঘে বেলা হওয়া – বয়স বাড়া
- মৌতাত চড়ানো – নেশা করা
- মগের মুল্লুক – অরাজক দেশ
- মড়াকান্না – উচ্চকণ্ঠে শোক প্রকাশ
- মড়ার ওপর খাড়ার ঘা – বিপন্ন লোকের উপর অত্যাচার
- মাকাল ফল – অন্তঃসারশূন্য
- ম্যাও ধরা – দায়িত্ব নেওয়া
- মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত – সীমাবদ্ধতা

# য

- যখন-তখন অবস্থা – মুমূর্ষু অবস্থা
- যশুরে কই – বেটপ/স্বীত মস্তক শীর্ণ দেহী
- যাহা বাহান্ন তাহা তিঙ্গান্ন – খুব সামান্য তফাত
- যক্ষের ধন – কৃপণের ধন
- যমের অরুচি – যে সহজে মরে না
- যম যন্ত্রণা – খুব কষ্ট
- যমের দোসর – নিষ্ঠুর ব্যক্তি
- যমের ভুল – যার মরণ হয় না

# র

- রথ দেখা কলা বেচা – উভয়কর্ম সাধন
- রাম ভজি কি রহিম ভজি – উভয় সংকট
- রক্তের অক্ষরে লেখা – সংগ্রামের কাহিনি
- রগচটা – অল্পেই রাগ
- রাঙা শুক্রবার – কোনো দিনই নয়
- না রাম না গঙ্গা – ভালো মন্দ কিছুই না
- রাম রাজত্ব – শান্তি শৃঙ্খলাযুক্ত রাজ্য

# র

- রামগরুড়ের ছানা - গোমড়ামুখো লোক
- রুই-কাতলা - প্রতিপত্তিশালী লোকজন
- রাই কুড়িয়ে বেল - ক্ষুদ্র সঞ্চয়ে বৃহৎ
- রাঘব বোয়াল - সর্বগ্রাসী ব্যক্তি
- রাঙা মুলো - প্রিয়দর্শন কিন্তু গুণহীন
- রাজা উজির মারা - আড়ম্বরপূর্ণ গালগল্প/ নিজেকে জাহির করা
- রাবণের গোষ্ঠী - বড়ো পরিবার



# ল

- লবেজান করা – নাজেহাল করা
- লক্কা পায়রা – ফুল বাবু
- লঘুপাপে গুরুদণ্ড – সামান্য অপরাধে গুরুতর শাস্তি
- লোটাকম্বল – সামান্য সংগতি
- লোহার কার্তিক – কালো কুৎসিত লোক
- লগনচাঁদা – অত্যন্ত ভাগ্যবান
- লেজে গোবরে করা – বিশৃঙ্খলা করা
- লেজে পা পড়া – স্বার্থহানি হওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়া

শ

- ঙুঁড়ির সান্ধী মাতাল – অসং লোকের অসং বন্ধু
- ঙুস্ত-নিঙুস্তের যুদ্ধ – ভীষণ লড়াই
- শবরীর প্রতীক্ষা – দীর্ঘকাল ধরে প্রতীক্ষা
- শালগ্রামের শোয়া বসা – নির্বিকার লোকের মনের অবস্থা
- শিয়রে শমন – মৃত্যু আসন্ন
- শিয়ালের যুক্তি – অসম্ভব যুক্তি
- শিরে সংক্রান্তি – সামনেই বিপদ
- ঙুঁড় বার করা – লোভ করা



- শুয়োরের গোঁ – ভয়ানক
- শ্মশান বৈরাগ্য – সাময়িক বৈরাগ্য
- শ্যাম রাখি না কুল রাখি – উভয়সংকট
- শকুনি মামা – অনিষ্টকর আত্মীয়
- শনির দশা – দুঃসময়
- শাক দিয়ে মাছ ঢাকা – দোষ গোপনের বৃথা চেষ্টা
- শ্রীঘর – জেলখানা
- শিকায় তোলা – স্তম্ভিত

# ষ

- ষত্ব গত্ব জ্ঞান – কাণ্ডজ্ঞান
- ষোলো কড়াই কানা – সম্পূর্ণ বিনষ্ট বা সব ত্রুটিপূর্ণ
- ষাটের কোলে – অধিক বয়স

# স

- সাত কাণ্ড রামায়ণ শুনে সীতা কার বাপ - চরম অমনোযোগ ও নির্বুদ্ধিতার পরিচয়
- সবেধন নীলমণি - একমাত্র সম্পদ
- সপ্তমে চড়া - প্রচণ্ড উত্তেজনা
- সবুরে মেওয়া - ধৈর্যে সুফল
- সাজ করতে দোল ফুরানো - প্রস্তুতির জন্য অত্যধিক সময় নেওয়া
- সাপের ছুঁচো গেলা - উভয়সংকটে পড়া
- সাতকাহন - প্রচুর পরিমাণ

# স

- সাপের পাঁচ পা দেখা – অহংকারের বাড়াবাড়ি
- সুখে থাকতে ভূতে কিলানো – অকারণে দুঃখ ডেকে আনা
- সুখের পায়রা – সুসময়ের বন্ধু
- সুলুক-সন্ধান – খোঁজখবর
- সোনার কাঠি রূপোর কাঠি – বাঁচামরার উপায়
- সোনার পাথর বাটি – অলীক বস্তু
- স্বর্গে বাতি দেওয়া – বংশ রক্ষা করা



স

- সান্ধী গোপাল - ব্যক্তিত্বহীন নিষ্ক্রিয় দর্শক
- সাত খুন মাফ - অত্যধিক প্রশ্রয়
- সাত সতের - বিচিত্র রকমের জিনিসপত্র
- সোনায়ে সোহাগা - সুন্দর মিল
- সের দরে - নামমাত্র মূল্যে/সস্তায়

# হ

- হরিষে বিষাদ - আনন্দের মধ্যে হঠাৎ দুঃখ
- হাতের লক্ষ্মী পায়ে ঠেলা - সুযোগ নষ্ট করা
- হরিহর আত্মা - অন্তরঙ্গ বন্ধুত্ব
- হলুদের গুঁড়ো - সমস্ত ব্যাপারে যে উপস্থিত
- হাটে হাঁড়ি ভাঙা - গোপন কথা ফাঁস করে দেওয়া
- হাড়ে মাসে জ্বালানো - - অত্যন্ত উত্ত্যক্ত করা
- হাড়ে বাতাস লাগা - স্বস্তি পাওয়ার
- হাতে আকাশ পাওয়া - অভাবিতভাবে কিছু লাভ

# হ

- হাতে পাঁজি মঙ্গলবার - অনুমান নিরর্থক
- হাতির গলায় ঘণ্টা - বয়স্ক বরের বালিকা বধূ
- হুকো-নাপিত বন্ধ করা - সমাজচ্যুত করা
- হচ্ছে হবে - দীর্ঘসূত্রিতা
- হৃদিস পাওয়া - সঠিক সংবাদ পাওয়ার
- হরি ঘোষের গোয়াল - বহু অপদার্থ ব্যক্তির সমাবেশ
- হরিলুট - অপচয়
- হস্তিমূর্থ - ভীষণ বোকা

হ

- হাঁটুর বয়স - নিতান্ত শিশু
- হেস্টনেস্ত - মীমাংসা
- হাতের লক্ষ্মী পায়ে ঠেলা - হেলায় সুযোগ নষ্ট করা
- হাতে খড়ি - শিক্ষার সূচনা
- হাপিত্যেশ - ব্যাকুল কামনা
- হা-ঘরে - গৃহহীন
- হাতটান - চুরির অভ্যাস
- হাড় হাভাতে - হতভাগ্য
- হালে পানি পাওয়া - সুবিধা করা